## অংশ-৭

## ফ্রেমওয়ার্ক চুক্তি

**৮৯। ফ্রেমওয়ার্ক চুক্তি সম্পাদনের মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালী।**—(১) দরপত্র আহ্বানের পুনরাবৃত্তি পরিহারের পাশাপাশি অর্থনৈতিক দৃষ্টিকোণ হইতে অপেক্ষাকৃত ভালো মূল্য প্রাপ্তির লক্ষ্যে একটি নির্দিষ্ট মেয়াদে কোন নির্দিষ্ট মূল্যে একই ধরনের পণ্য ও সংশ্লিষ্ট সেবা ক্রয়ের প্রয়োজনে আইনের ধারা ৩৬ এর অধীন ফ্রেমওয়ার্ক চুক্তি সম্পাদন করা যাইবে।

(২) তিন বৎসরের অনধিক নির্দিষ্ট সময়ব্যাপী বিভিন্ন প্রকারের পণ্য ও ভৌত সেবা ক্রয়ের লক্ষ্যে উন্মুক্ত বা সীমিত দরপত্র পদ্ধতি অনুসরণক্রমে এক বা একাধিক সরবরাহকারীর সঙ্গে ফ্রেমওয়ার্ক চুক্তি সম্পাদন করা যাইবে।

(৩) ফ্রেমওয়ার্ক চুক্তির আওতায় বাজার মূল্য হইতে উচ্চ মূল্যে কোন পণ্য ক্রয় করা যাইবে না।

(৪) ফ্রেমওয়ার্ক চুক্তি বিভিন্ন প্রকারের হইতে পারে, যথা—

(ক) একক সরবরাহকারীর নিকট হইতে একটি নির্দিষ্ট মেয়াদে কোন নির্দিষ্ট পরিমাণ পণ্যের পৌনঃপুনিক সরবরাহ প্রাপ্তির লক্ষ্যে এবং ইচ্ছানুযায়ী অতিরিক্ত পরিমাণ ক্রয়ের অধিকার সম্বলিত চুক্তি;

**উদাহরণ।-** কোন ক্রয়কারী কর্তৃক ১২ (বার) মাসের প্রাক্কলিত চাহিদার ভিত্তিতে নির্দিষ্ট পরিমাণ ফটোকপি করার কাগজ ও স্টেশনারী সামগ্রী ক্রয়।

(খ) পূর্ব-নির্ধারিত মেয়াদে, মেয়াদ বৃদ্ধির সংস্থানসহ বা ব্যতিরেকে, কোন একক সরবরাহকারীর নিকট হইতে পৌনঃপুনিক সরবরাহ প্রাপ্তির লক্ষ্যে আনুমানিক (approximate) পরিমাণ পণ্য ক্রয়;

**উদাহরণ।-** একাধিক সরকারী সংস্থা ১২ (বার) মাস ব্যাপী অনির্দিষ্ট পরিমাণ অফিস সরঞ্জামাদি ক্রয়ের উদ্দেশ্যে একটি গ্রুপ গঠন করিয়া একটি সংস্থাকে প্রধান সংস্থা (lead agency) হিসাবে ক্রয় ব্যবস্থাপনার দায়িত্ব অর্পণ করিতে পারে এবং উক্ত গ্রুপে অন্তর্ভুক্ত সকল সংস্থাকে একটি ফ্রেমওয়ার্ক চুক্তির আওতায় সরাসরি ক্রয়াদেশ প্রদানের অধিকার প্রদান করিতে পারে।

(গ) একটি নির্দিষ্ট মেয়াদে, মেয়াদ বৃদ্ধির সংস্থানসহ বা ব্যতিরেকে, আইটেম-বাই-আইটেম ভিত্তিতে অনুমিত পরিমাণ পণ্য একাধিক সরবরাহকারীর নিকট হইতে, পৌনঃপুনিক সরবরাহের মাধ্যমে ক্রয়;

**উদাহরণ।-** সরকার যদি বার্ষিক ভিত্তিতে সকল সরকারী দপ্তরের জন্য নির্ধারিত মান-সম্পন্ন আসবাবপত্র (চেয়ার-টেবিল, ফাইল ক্যাবিনেট, ইত্যাদি), অফিস সরঞ্জামাদি (কম্পিউটার প্রিন্টার, ফ্যাক্স মেশিন, ফটোকপি মেশিন, ইত্যাদি) এবং যান বাহন (কার, মাইক্রোবাস ও

বাস, ইত্যাদি) ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করে, তাহা হইলে উক্ত সকল পণ্যের উৎপাদনকারী অথবা বিতরণকারী অথবা এজেন্টের নিকট হইতে উক্ত পণ্য ফ্রেমওয়ার্ক চুক্তির সম্পাদনের মাধ্যমে ক্রয়ের জন্য সরকার যে কোন সরকারী বিভাগকে দায়িত্ব প্রদান করিতে পারে। ফ্রেমওয়ার্ক চুক্তির অনুরূপ শর্তাবলী অনুসারে নির্দিষ্ট পণ্য সরবরাহের জন্য প্রত্যেক সরকারী বিভাগ সরাসরি ঐ সকল পণ্যের উৎপাদনকারী অথবা বিতরণকারী অথবা এজেন্টের অনুকূলে কার্যাদেশ জারী করিতে পারিবে, এবং উক্ত পণ্য প্রাপ্তি সাপেক্ষে নিজ নিজ বাজেট হইতে উক্ত পণ্যের উৎপাদনকারী অথবা বিতরণকারী অথবা এজেন্টের অনুকূলে মূল্য পরিশোধ করিবে।

(ঘ) ক্রয়কারী একটি সংক্ষিপ্ত মেয়াদে, মেয়াদ বৃদ্ধির সংস্থান ব্যতিরেকে, এক বা একাধিক আইটেম সম্বলিত অনুমিত পরিমাণ পণ্য একক বা কতিপয় সরবরাহকারী নিকট হইতে পৌনঃপুনিক সরবরাহের মাধ্যমে ক্রয় করিতে পারিবে;

**উদাহরণ ।-** সরকার যদি বার্ষিক ভিত্তিতে সকল সরকারী দপ্তরের জন্য নির্ধারিত মান-সম্পন্ন কম্পিউটার এবং অন্যান্য আইটি (IT) সরঞ্জামাদি ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ করে তাহা হইলে উক্ত পণ্যের উৎপাদনকারী, বিতরণকারী অথবা এজেন্টের নিকট হইতে উক্ত পণ্য ফ্রেমওয়ার্ক চুক্তি সম্পাদনের মাধ্যমে সংগ্রহের জন্য সরকার যে কোন সরকারী বিভাগকে অনধিক ৬ (ছয়) মাসের সীমিত মেয়াদের জন্য দায়িত্ব প্রদান করিতে পারে। উক্ত ফ্রেমওয়ার্ক চুক্তির অনুরূপ শর্তাবলী অনুসারে নির্দিষ্ট পণ্য সরবরাহের জন্য প্রত্যেক সরকারী বিভাগ সরাসরি উক্ত পণ্যের উৎপাদনকারী, অথবা বিতরণকারী অথবা এজেন্টের অনুকূলে কার্যাদেশ জারী করিতে পারিবে, এবং উক্ত পণ্য প্রাপ্তি সাপেক্ষে, নিজ নিজ বাজেট হইতে উক্ত পণ্যের উৎপাদনকারী, বিতরণকারী অথবা এজেন্টের অনুকূলে মূল্য পরিশোধ করিবে।

(ঙ) অনূর্ধ্ব ২(দুই) বৎসর মেয়াদের জন্য আইটেম ভিত্তিক বা লট ভিত্তিক দর প্রদানের জন্য ঠিকাদারগণকে আহ্বান জানানোর মাধ্যমে পরিবহণ সেবা ক্রয়ের জন্য ফ্রেমওয়ার্ক চুক্তি সম্পাদন করা যাইবে এবং উক্ত ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে—

(অ) পরিবহন পথের সুনির্দিষ্ট রুটসমূহ কোন স্থান, অঞ্চল বা জেলা ভিত্তিতে উল্লেখপূর্বক আইটেমসমূহ নিরূপণ করিতে হইবে এবং প্রতি আইটেমের একক মূল্য "মেট্রিক টন" বা "প্রতি মেট্রিক টন প্রতি কিলোমিটার" হিসাবে নির্ধারণ করা যাইতে পারে;

(আ) পরিবহণ পথের দূরত্ব প্রেরণ ও প্রাপক কেন্দ্রের প্রকৃত দূরত্বের ভিত্তিতে অথবা সুনির্দিষ্ট পরিবহণ পথ এর ভিত্তিতে হইবে;

(ই) একটি লটে জেলা ভিত্তিতে (অর্থাৎ উৎস হইতে স্থানীয় গুদাম) একাধিক ক্ষুদ্র ক্ষুদ্র আইটেম অন্তর্ভুক্ত করা যাইতে পারে;

(ঈ) সরবরাহ বা পরিবহণ তফসিলে সম্ভাব্য সর্বোচ্চ পরিমাণ ও উহা পরিবহণের মুখ্য সময়ের (peak period) উল্লেখ থাকিতে হইবে;

(উ) ক্রয়কারী দরপত্রদাতাদের যোগ্যতার নির্ণায়কে, ভরা মৌসুমে এবং পরিবহণ সংক্রান্ত সাধারণ অভিজ্ঞতার ভিত্তিতে, আবশ্যক ন্যূনতম ট্রাকের সংখ্যা এবং পরিবহণ সামর্থ্য অন্তর্ভুক্ত করিবে;

(ঊ) বৃহৎ আইটেমসমূহ পরিবহণে প্রতিযোগিতা উৎসাহিত করিবার লক্ষ্যে, ঠিকাদারদের গ্রুপ, সাময়িক যৌথ উদ্যোগ বা অল্প সংখ্যক ঠিকাদার বা ট্রাক মালিকদের সমন্বয়ে সমবায় গঠনের মাধ্যমে দরপত্র দাখিলে উৎসাহ প্রদান করিতে হইবে;

(ঋ) দরপত্রদাতাগণকে তাহাদের কারিগরী ও আর্থিক প্রস্তাব আলাদা দুইটি খামে দাখিল করিবার জন্য আহবান করা যাইবে;

(এ) দাখিলকৃত দরপত্রে পণ্য কিভাবে পরিবহণ করা হইবে তাহা কারিগরী প্রস্তাবে অন্তর্ভুক্ত করাসহ কার্য সম্পাদনের বিস্তারিত বিবরণ থাকিতে হইবে এবং গ্রুপ বা সাময়িক যৌথ উদ্যোগ বা সমবায় ভিত্তিক দরপত্রের ক্ষেত্রে ক্ষুদ্র ক্ষুদ্র ঠিকাদারদের মধ্যে দূরত্ব বন্টনের বিষয় উল্লেখ করিতে হইবে;

(ঐ) দরপত্রদাতাদের শুধু কারিগরী প্রস্তাবসমূহ মূল্যায়ন করা হইবে এবং গ্রহণযোগ্য কারিগরী প্রস্তাবসমূহের আর্থিক প্রস্তাবসমূহ উন্মুক্ত করা হইবে এবং বিবেচনাযোগ্য হইবে;

(ও) ক্ষেত্রমত, আইটেম বা লট প্রতি সর্বনিম্ন দরদাতাদের সঙ্গে চুক্তি সম্পাদন করিতে হইবে;

(ঔ) প্রয়োজনে বা কোন ঠিকাদার যদি একটি আইটেমের পূর্ণ পরিমাণ পরিবহণে সক্ষম না হয় বা অতি জরুরী সরবরাহ নিশ্চিতকরণে কোন প্রতিবন্ধকতা এড়াইবার লক্ষ্যে, ক্রয়কারী, দরপত্র দলিলে উল্লেখ থাকা সাপেক্ষে, বিধি ৯৯(১) (খ) (ই) এর বিধান অনুসরণক্রমে, দরপত্রদাতাদের পর্যায়ক্রম (ranking) অনুযায়ী সর্বনিম্ন মূল্যায়িত দরে পণ্য পরিবহণে সম্মত একাধিক দরপত্রদাতার সঙ্গে চুক্তি স্বাক্ষর করিতে পারিবে;

(অঅ) গ্রুপের ক্ষেত্রে ক্রয়কারী কর্তৃক আইনগতভাবে গঠিত গ্রুপের সঙ্গে বা কারিগরী প্রস্তাবে উল্লিখিত দূরত্ব বন্টন অনুসারে গ্রুপের প্রত্যেক সদস্যদের সঙ্গে চুক্তি স্বাক্ষর করা যাইতে পারে;

(আআ) এই ধরনের সেবা ক্রয়ের ক্ষেত্রে ক্রয়কারী ভৌত সেবার ক্ষেত্রে প্রযোজ্য আদর্শ দরপত্র দলিল ব্যবহার করিবে ।